গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
বিশ্বব্যাংক-৩ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd

# প্রেস বিজ্ঞপ্তি

২১ জুন ২০২৫ তারিখে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংক-এর মধ্যে "Bangladesh Strengthening Governance and Institutional Resilience (SGIR)" (Development Policy Financing)-শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের জন্য ৫০০.০০ (পাঁচশত) মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন চুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব জনাব মোঃ শাহ্‌রিয়ার কাদের ছিদ্দিকী এবং বিশ্বব্যাংকের পক্ষে বিশ্বব্যাংক, ঢাকা অফিসের Country Director (Interim) Ms. Gayle H. Martin উক্ত অর্থায়ন চুক্তিতে স্বাক্ষর করেন।

বর্ণিত কর্মসূচির মূল উদ্দেশ্য হলো সরকারি ও আর্থিক খাতে সুশাসন বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিক রেজিলিয়েন্স জোরদারকরণ। অর্থ বিভাগ এ কর্মসূচির প্রধান বাস্তবায়নকারী প্রতিষ্ঠান। অর্থ বিভাগের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বাস্তবায়নকারী বিভাগ/সংস্থাসমূহ হচ্ছে মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়, পরিকল্পনা বিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং জাতীয় রাজস্ব বোর্ড।

৫০০ মিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ ঋণের মধ্যে Performance Based Allocation (PBA) Window হতে ২২৬.৭২ মিলিয়ন মার্কিন ডলার এবং IDA Shorter Maturity Loan (SML) হতে ২৭৩.২৮ মিলিয়ন মার্কিন ডলার গ্রহণ করা হচ্ছে। PBA ঋণের Maturity Period ৫ বছরের Grace Period সহ ৩০ বছর। এ ঋণের বার্ষিক সুদহার ১.২৫%, সার্ভিস চার্জ ০.৭৫% এবং কমিটমেন্ট ফি ০.৫০%। তবে, বিশ্বব্যাংক চলতি অর্থবছরসহ দীর্ঘদিন ধরে বাংলাদেশের জন্য কমিটমেন্ট ফি মওকুফ করে আসছে। IDA-SML ঋণের Maturity Period ৬ বছরের Grace Period সহ ১২ বছর। এ ঋণের কোন সুদ নেই। শুধু ০.৫০% কমিটমেন্ট ফি রয়েছে যা বিশ্বব্যাংক কর্তৃক মওকুফ করা হচ্ছে।

বিশ্বব্যাংক বাংলাদেশের সর্ববৃহৎ বহুপাক্ষিক উন্নয়ন সহযোগী। স্বাধীনতার পর হতে বিশ্বব্যাংক এ পর্যন্ত বাংলাদেশকে প্রায় ৪৩.৭৭ বিলিয়ন মার্কিন ডলারের উন্নয়ন সহায়তা প্রদান করেছে। বাংলাদেশের স্বাস্থ্য, শিক্ষা, অবকাঠামো, সামাজিক নিরাপত্তা, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন, যোগাযোগ এবং সেবা খাত ডিজিটালাইজেশনসহ বিভিন্ন গুরুত্বপূর্ন সেক্টরে বিশ্বব্যাংকের প্রায় ১৩.৩৭ বিলিয়ন মার্কিন ডলার অর্থায়নে ৪৮ টি প্রকল্প চলমান রয়েছে।

২২/০৬/২৫

মোছাঃ উলফৎ আরা বেগম
সিনিয়র সহকারী সচিব
ই-মেইল: wb3@erd.gov.bd